

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২২৬]
২/ তাহারাত (পবিত্রতা) (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৩. উযু করার নিয়ম ও উযুর পূর্ণতা

# باب صنفة الْوضنُوءِ وَكُمَاله

### আরবী

حَدَّثَنِي أَبُو الطَّاهِرِ، أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ سَرْحٍ وَحَرْمَلَةُ بْنُ يَحْيَى التُّجِيبِيُّ قَالاَ أَخْبَرَنَا ابْنُ وَهْب، عَنْ يُونُسَ، عَنِ ابْنِ شِهَاب، أَنَّ عَطَاءَ بْنَ يَزِيدَ اللَّيْتِيَّ، أَخْبَرَهُ أَنَّ عُثْمَانَ بْنَ عَفَّانَ \_ رضى الله عنه \_ دَعَا بُوَضُوءٍ فَتَوَضَّاً فَغَسَلَ كَفَيْهِ ثَلاَثَ مَرَّات ثُمَّ مَضْمَضَ وَاسْتَنْثَرَ ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلاَثَ مَرَّات ثُمَّ عَسَلَ يَدَهُ الْيُمْنَى إِلَى الْمِرْفَقِ ثَلاَثَ مَرَّات ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَصْمَضَ وَاسْتَنْثَرَ ثُمَّ غَسَلَ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَلَ يَدَهُ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَّحَ رَأْسَهُ ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَّحَ رَأْسَهُ ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَّحَ رَأْسَهُ ثُمَّ غَسَلَ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَلَ رَجْلَهُ الْيُمْنَى إِلَى الْمَوْبَقِ وَلَاثُ مَرَّات ثُمَّ غَسَلَ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَّحَ رَأْسُهُ ثُمَّ غَسَلَ الْيُسْرَى مِثْلُ ذَلِكَ ثُمَّ مَنَّ وَضَالًا لَكُونُ مَوْلِي هَذَا ثُمَّ عَسَلَ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ قَالَ رَسُولُ لَكُ مَلْكَ رَكُعَ رَكُعَ رَكُعَ يَنْ لاَ يُولِلُ اللهِ عليه وسلم تَوَضَاً نَوْمَ فَي هَذَا ثُمَّ قَامَ فَرَكَعَ رَكُعَ تَيْنِ لاَ يُحَدِّثُ اللهِ عليه وسلم " مَنْ تَوْضَاً نَوْفُولِي هَذَا ثُمَّ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ لاَ يُصَولُ اللهِ عليه وسلم عَنْ فَيْسَلَ الْهُ عَلْهُ وَلُونَ هَذَا اللهُ عَلَيْهِ إِلْ الْيُنُ شِهَابٍ وَكَانَ عُلَمَاوُنَا يَقُولُونَ هَذَا اللهُ عَلْهُ مَا يَتَوَضَالًا بِهِ أَحَدٌ لِلْصَلَاقِ اللهُ عَلْمَا وَكَانَ عُلَمَاوُنَا يَقُولُونَ هَذَا اللهُ عَلَى اللهُ عَلَيْ مَا يَتَوضَالًا بِهِ أَحَدٌ لِلصَالَةِ .

#### বাংলা

৪৩১। আবৃত তাহির আহমাদ ইবনু আমর ইবনু আবদুল্লাহ ইবনু আমর ইবনু সারহ ও হারামালা ইবনু ইয়াহইয়া তূজীবী (রহঃ) ... উসমান ইবনু আফফান (রাঃ) এর আযাদকৃত গোলাম হুমরান থেকে বর্ণিত যে, উসমান (রাঃ) উযুর পানি চাইলেন। এরপর তিনি উযু (ওজু/অজু/অযু) করতে আরম্ভ করলেন। (বর্ণনাকারী বলেন), তিনি [উসমান (রাঃ)] তিনবার তাঁর হাতের কজি পর্যন্ত ধুইলেন এরপর কুলি করলেন এবং নাক ঝাড়লেন। এরপর তিনবার তার মুখমণ্ডল ধুইলেন। এবং ডান হাত কনুই পর্যন্ত তিনবার ধুইলেন। অতঃপর বাম হাত অনুরুপভাবে ধুইলেন। অতঃপর তিনি মাথা মাসেহ করলেন। এরপর তার ডান পা টাখনু পর্যন্ত ধুইলেন এরপর বাম পা অনুরুপভাবে ধুইলেন।

এরপর তিনি বললেন যে, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে আমার এ উযু করার ন্যায় উযু



করতে দেখেছি। এবং উযূর শেষে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যাক্তি আমার এ উযূর ন্যায় উযূ করবে এবং দাঁড়িয়ে এরূপে দু-রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করবে যে, সে সময়ে মনে মনে অন্য কোন কিছু কল্পনা করেনি, সে ব্যাক্তির পুর্বের সকল গুনাহ মাফ করে দেয়া হবে। ইবনু শিহাব বলেন, আমাদের আলিমগণ বলতেন যে, সালাতের জন্য কারোর এ নিয়মের উযূই হল পরিপূর্ণ উযূ।

### **English**

Humran, the freed slave of 'Uthman, said:

Uthman b. 'Affan called for ablution water and this is how he performed the ablution. He washed his hands thrice. He then rinsed his mouth and cleaned his nose with water (three times). He then washed his face three times, then washed his right arm up to the elbow three times, then washed his left arm like that, then wiped his head; then washed his right foot up to the ankle three times, then washed his left foot like that, and then said: I saw the Messenger of Allah () perform ablution like this ablution of mine. Then the Messenger of Allah () said: He who performs ablution like this ablution of mine and then stood up (for prayer) and offered two rak'ahs of prayer without allowing his thoughts to be distracted, all his previous sins are expiated. Ibn Shihab said: Our scholars remarked: This is the most complete of the ablutions performed for prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন